ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫৪৬

আগরতলা, ৬ মে, ২০২৫

**প্রকাশিত সংবাদের প্রতিবাদ**

'প্রধানমন্ত্রী আবাস প্রকল্পের ঘর নির্মাণে অনিয়মের অভিযোগ' এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ৩০ এপ্রিল, ২০২৫ প্রকাশিত সংবাদটি উত্তর ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের নজরে এসেছে। এ বিষয়ে জম্পুইহিল ব্লকের বিডিওর পক্ষ থেকে প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা কার্যালয়ের পক্ষ থেকে সংবাদটিকে সম্পূর্ণ ভিত্তিহীন ও অসত্য বলে জানানো হয়েছে। এই সম্পর্কে জানানো হয়েছে যে, গত ২৮ এপ্রিল উত্তর ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা পশ্চিম মুনপুই ভিলেজ কমিটিতে প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ) প্রকল্পে নির্মিত ঘরগুলি পরিদর্শন করেন। প্রত্যেকটি ঘর নির্ধারিত নিয়ম নীতি অনুসারে তৈরি করা হচ্ছে।

*******